

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		

সম্ভাব্য আকস্মিক বন্যার কারণে সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ।

প্রকাশের তারিখ: ১১/০৪/২০২২

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড থেকে প্রাপ্ত বৃষ্টিপাত ও আকস্মিক বন্যা সম্পর্কিত বিশেষ প্রতিবেদন (১০ এপ্রিল হতে ১৭ এপ্রিল ২০২২) অনুসারে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং অন্যান্য বৈশ্বিক আবহাওয়া সংস্থাসমূহ থেকে প্রাপ্ত বৃষ্টিপাতের পূর্বাভাস অনুযায়ী বাংলাদেশের উত্তর ও উত্তরপূর্বাঞ্চলে চলতি সপ্তাহে স্বাভাবিক থেকে বেশি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। ১০ এপ্রিল হতে ১৭ এপ্রিল পর্যন্ত উত্তর ও উত্তরপূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের আসাম (বরাক অববাহিকা) এবং মেঘালয় প্রদেশের স্থানসমূহে ভারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এমতাবস্থায় ১০ এপ্রিল হতে ১৭ এপ্রিল নাগাদ বৃষ্টিপাতের ফলে উত্তর ও উত্তরপূর্বাঞ্চলের সুরমা, কুশিয়ারা, যদুকাটা, লুভাছড়া, সারিগোয়াইন, ধলাগাং, পিয়াইন, বালুখালি, সোমেশ্বরী, ভুগাই-কংস, ধনু-বাউলাই নদনদীসমূহের পানির সমতল বৃদ্ধি পেয়ে কতিপয় পয়েন্টে বিপদসীমা অতিক্রম করতে পারে। এর ফলে এই সময়কালের শেষার্ধ্বে সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলার কতিপয় স্থানে আকস্মিক বন্যা পরিস্থিতি সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ সাপেক্ষে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলায় আকস্মিক বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দভায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত জরুরি পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। বোরো ধান ৮০% পরিপক্ব হয়ে গেলে দ্রুত সংগ্রহ করে নিরাপদ ও শুকনো জায়গায় রাখুন।
- ২। দ্রুত পরিপক্ব সবজি ও অন্যান্য ফসল সংগ্রহ করে ফেলুন।
- ৩। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন ধানের জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৪। জমির আইল উঁচু করে দিন।
- ৫। ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলার ব্যবস্থা রাখুন।
- ৬। সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- ৭। বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।
- ৮। কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৯। জরুরি খাদ্য ও অন্যান্য সামগ্রী নীচু এলাকা থেকে উঁচু এলাকায় স্থানান্তরের জন্য নৌকার ব্যবস্থা রাখুন।
- ১০। গবাদি পশু ও হাঁসমুরগী উঁচু জায়গায় রাখুন।
- ১১। পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন বন্যার পানিতে মাছ ভেসে না যায়।



(ড. মো: শাহ কামাল খান)
প্রকল্প পরিচালক